দৈনিক ইনকিলাব

তারিখ ... JAN 7 1999 ... ...
পৃষ্ঠা ২ কলাম ... ৫ ......

591

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে যৌন হয়রানি ঃ ১০ জানুয়ারী তদন্ত রিপোর্ট

**স্টাফ রিপোর্টার** ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের প্রফেসর শহীদুজ্জামানের বিরুদ্ধে এক ছাত্রীর আনীত যৌন হয়রানির অভিযোগের তদন্তে গঠিত তদন্ত কমিটি আগামী ১০ জানুয়ারী তদন্ত রিপোর্ট পেশ করবে। তদন্ত রিপোর্টের আলোকে কর্তৃপক্ষ ব্যবস্থা গ্রহণ করবে। ভাইস চ্যান্সেলর প্রফেসর একে আজাদ চৌধুরী আন্দোলনরত ছাত্র-ছাত্রীদের একথা বলেছেন। গতকাল (বুধবার) ভিসি অফিসের সামনে যৌন নিপীড়ন বিরোধী আন্দোলনরত ছাত্র-ছাত্রীদের অবস্থান ধর্মঘট চলাকালে ভিসি সেখানে উপস্থিত হয়ে এ আশ্বাস দেন।

আজ (বৃহস্পতিবার) বিশ্ববিদ্যালয় পরিবেশ পরিষদের বৈঠকে আন্দোলনরত ছাত্র-ছাত্রীদের ৬ দফা দাবী নিয়ে আলোচনা হবে। ছাত্র-ছাত্রীরা বেলা ১২টা থেকে দেড়টা পর্যন্ত ভিসি অফিসের সামনে অবস্থান ধর্মঘট পালন করে। এর আগে একটি মিছিল রোকেয়া হল থেকে শুরু হয়ে ক্যাম্পাস প্রদক্ষিণ করে। অবস্থান ধর্মঘট চলাকালে সমাবেশে বক্তারা যৌন নিপীড়নে অভিযুক্ত শিক্ষকদের বিচারসহ তাদের ৬ দফা দাবী মেনে নেয়ার আহবান জানায়।